চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

১০ আগষ্ট ২০১৭ খ্রি.

হাজীদের সংবর্ধনায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন
ফ্লাইট সিডিউল নিশ্চিত করে হাজীদের দ্রুত সৌদিআরব পৌঁছানোর ব্যবস্থা করুন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ফ্লাইট বাতিল হওয়ার কারণে হজযাত্রীদের সৌদিআরব পৌঁছানো নিয়ে যে অনিশ্চিয়তা দেখা দিয়েছে, তা নিরসনে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, হজ এজেন্সিস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত ব্যবস্থা নেয়ার অনুরোধ জানিয়েছেন। তিনি ১০ আগস্ট ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, সকালে, নগরীর জেলা পরিষদ মিলনায়তনে উসমানিয়া হজ কাফেলা আয়োজিত হজ প্রশিক্ষণ ও হাজী সংবর্ধনায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। মাওলানা নূর মোহাম্মদের সভাপতিত্বে ও আবদুর রহমান সালেহ এর সঞ্চালনায় অনুষ্ঠিত হাজী প্রশিক্ষণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩১নং আলকরণ ওয়ার্ডের কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম, ৩৩নং ফিরিঙ্গীবাজার ওয়ার্ডের কাউন্সিলর আলহাজ্ব হাসান মুরাদ বিপ্লব। এতে বক্তব্য রাখেন মুফতি আহমুদুর রহমান নদভী, মওলানা সিরাজউদ্দিন, নুরুল কবির, খুরশিদ আলম, উসমানিয়া হজ কাফেলার চেয়ারম্যান মাওলানা জমির উদ্দিন চৌধুরী, সহ-সভাপতি মাওলানা নিজাম উদ্দিন সহ অন্যরা।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, হজযাত্রীরা হচ্ছে আল্লাহর মেহমান। তাই হাজী সাহেবদের জন্য কোন দুর্ভোগ ও ভোগান্তি কাম্য হতে পারে না। তিনি হজ পালনকালে হাজীদের বাংলাদেশ ও জাতির সমৃদ্ধি কামনায় মহান আল্লাহতায়লার নিকট দোয়া চাওয়ার অনুরোধ করেন এবং হজ শেষে তারা যাতে সু-স্বাস্থ্য নিয়ে দেশে ফিরে আসতে পারেন সে প্রত্যাশা করেন।

১০ আগস্ট ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন সমন্বয়ে ছাত্র-ছাত্রীদের মানবপ্রাচীরসহ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তিন দিনের কর্মসূচি ঘোষণা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন সমন্বয়ে ছাত্র-ছাত্রীদের মানবপ্রাচীরসহ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তিন দিনের কর্মসূচি ঘোষণা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ উপলক্ষ্যে ১০ আগস্ট ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, সকালে নগরভবনে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে চট্টগ্রাম নগরীর সরকারি, বেসরকারি ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে এক সমন্বয় সভার আয়োজন করা হয়। সমন্বয় সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এ বারের শোক দিবসে স্লোগান নির্ধারণ করেছে ‘শোকের শক্তিতে রুখবো দুর্নীতি-মাদক ও জঙ্গীবাদ’ । কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহার সভাপতিত্বে সমন্বয় সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নাজমুল হক ডিউক, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, উপ পুলিশ কমিশনার (দক্ষিণ) এস এম মোস্তাইন হোসেন বিপিএন, উপ সচিব আশেক রসুল চৌধুরী টিপু, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, শিক্ষা কর্মকর্তা সাইফুর রহমানসহ সরকারি, বেসরকারি ও চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের প্রধানগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ১৫, ১৬ ও ২০ আগস্ট জাতীয় শোক দিবসের তিন দিনের কর্মসূচিগুলো হলো ১৫ আগস্ট মঙ্গলবার সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন পতাকা অর্ধনমিতকরণ, কালো ব্যাজ ধারণ ও কালো পতাকা উত্তোলন, সকাল ৭ টায় কর্পোরেশন পরিচালিত ফোরকানিয়া মাদ্রাসায় স্ব স্ব উদ্যোগে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত, সকাল ৮: ৩০ টায় জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মাননীয় মেয়র মহোদয় কর্তৃক পুষ্প স্তবক অর্পণ, সকাল ৯ টায় খতমে কোরআন, মিলাদ মাহফিল, এতিম সমাবেশ ও তবারক বিতরণ এবং কর্পোরেশন পরিচালিত সকল বিদ্যালয়, কলেজের উদ্যোগে নিজস্ব ব্যবস্থাপনায় ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে মিলাদ মাহফিল, সকাল ১০ টা থেকে সাড়ে ১০ টা পর্যন্ত মানবপ্রাচীর অংশগ্রহনে সম্মানিত কাউন্সিলরবৃন্দ, স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম জেলা প্রশাসন ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ এর সমন্বয়ে মানবপ্রাচীর। ১৬ আগস্ট বুধবার সকাল ১০ টায় ৪র্থ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা ও দুপুর ১ টায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত এবং কর্পোরেশন বহিভূর্ত স্কুল ও কলেজের ছাত্র-

ছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতা আয়োজন। রচনার বিষয় ৮ম ও ১০ শ্রেণির ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে “বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন” বিষয়ে (অনুর্ধ্ব ৫শত শব্দ) এবং একাদশ-স্নাতক শ্রেণির ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে “বঙ্গবন্ধু ও বাংলাদেশ” বিষয়ে অনুর্ধ্ব ১ হাজার শব্দ। লিখিত রচনা প্রধান শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে ওই দিন জমা দিতে হবে। ২০ আগস্ট রবিবার বিকাল ৪ টায় আলোচনা সভা ও প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে। পুরস্কার বিতরণ করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন।

১০ আগস্ট ২০১৭ খ্রি.

অবৈধ পশুর হাট উচ্ছেদ সংক্রান্ত বিষয়ে কাউন্সিলর,পুলিশ প্রশাসন ও পশুর বাজার ইজারাদারদের সাথে সমন্বয় সভায় মেয়র

আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে অবৈধ পশুর হাট উচ্ছেদ সংক্রান্ত বিষয়ে ১০ আগস্ট ২০১৭ খ্রি. বৃহষ্পতিবার, বিকেলে নগর ভবনের সম্মেলন কক্ষে কাউন্সিলর,পুলিশ প্রশাসন ও পশুর বাজার ইজারাদারদের সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সমন্বয় সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর হাজী নুরুল হক, সালেহ আহমদ চৌধুরী, মোরশেদ আকতার চৌধুরী, মো. মোবারক আলী, মো. আজম, মো. জাবেদ, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, উপ পুলিশ কমিশনার পশ্চিম মো. ফারুক উল হক, নির্বাহী ম্যাজিষ্ট্রেট সনজিদা শরমিন ও স্পেশাল ম্যাজিষ্ট্রেট জাহানারা ফেরদৌস, সহকারী এষ্টেট অফিসার এখলাস উদ্দিন আহমদ, ভারপ্রাপ্ত কর্মকর্তা পাহাড়তলী থানা মো. আলমগীর হোসেন, পশুর বাজার ইজারাদারদের মধ্যে সাবেক কমিশনার মো. ইসহাক, পশুরবাজার পরিচালনা কমিটির সভাপতি হাজী মোনাফ, সাইফুল হুদা জাহাঙ্গীর, আমিনুল হক, সাইফুল আলম, মো. সোলাইমান, মো. রফিক, মো. সেলিম, মো. রিতাপ উদ্দিন বসু, মো. ইব্রাহিম, খোরশেদ আলম, নুর মোহাম্মদ, মো. সেলিম, সওকত ইসলাম, কাজী ইমতিয়াজ উদ্দিন সহ সংশ্লিষ্ট ইজাদাররা উপস্থিত ছিলেন। সভায় হাটহাজারী ফতেয়াবাদ সিটি কর্পোরেশন বালিকা বিদ্যালয়ের পার্শ্বে ছড়ার পাড় সংলগ্ন অবৈধ পশুর বাজার, হাটহাজারী চৌধুরী হাট সংলগ্ন অবৈধ পশুর বাজার, অক্সিজেন মোড়ে বেইলী ব্রিজের পূর্ব পার্শ্বে শহীদ নগর অবৈধ পশুর বাজার, ৩ নং পাঁচলাইশ ওয়ার্ডে আশেকানে আওলিয়া ডিগ্রী কলেজ সংলগ্ন বেলতলা অবৈধ পশুর বাজার, দক্ষিণ পতেঙ্গা ৪১ নং ওয়ার্ড নাজির পাড়াস্থ অবৈধ পশুর বাজার,কাটগড় বাজারের পশ্চিম পার্শ্বে মুসলিমাবাদ অবৈধ পশুর বাজার, ফইল্যাতলী বাজারের পশ্চিম পার্শ্বে খালপাড় সংলগ্ন অবৈধ

পশুর বাজার,কর্ণেলহাট বাজারের পশ্চিম পার্শ্বে অবৈধ পশুর বাজার,কর্ণেল হাজট শাহিরপাড়া পুকুর সংলগ্ন অবৈধ পশুর বাজার, দেওয়ানহাট রেললাইন সংলগ্ন অবৈধ পশুর বাজার, বন্দরটিলা হাসপাতালের পশ্চিম পাশে অবৈধ পশুর বাজার, খাজা রোড সংলগ্ন এসএমসি স্কুলের পাশে অবৈধ পশুর বাজার, কালা মিয়া বাজার অবৈধ পশুর বাজার, বহদ্দারহাট পুকুর পাড় অবৈধ পশুর বাজার, বলির হাট অবৈধ পশুর বাজার, নোমান কলেজের সামনে অবৈধ পশুর বাজার চিহ্নিত করা হয়। অবিলম্বে এসকল অবৈধ পশুর বাজার সরিয়ে নেয়ার জন্য মাইক দ্বারা প্রচার করার সিদ্ধান্ত নেয়া হয়। প্রশাসন প্রদত্ত নির্ধারিত সময়ের মধ্যে অবৈধ পশুর হাট সরিয়ে ফেলা না হলে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আইনানুগ উদ্যোগ এর মাধ্যমে অবৈধভাবে গড়ে উঠা সকল অবৈধ পশুরহাট উচ্ছেদ করতে উদ্যোগ গ্রহণ করবে। এ কার্যক্রমের সাথে ইজারাদার, স্থানীয় কাউন্সিলর সহ এলাকাবাসীর সহযোগিতা গ্রহণ করা হবে।

১০ আগস্ট ২০১৭ খ্রি.

৪ নং ওয়ার্ডে ২ কোটি ৪১ টাকা ব্যয়ে রাস্তা উন্নয়ন কাজের উদ্বোধন করলেন কাউন্সিলর মোহাম্মদ সাইফুদ্দিন খালেদ

এডিবির অর্থায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরীর বিভিন্ন ওয়ার্ডে উন্নয়ন কার্যক্রম গ্রহণ করেছে। এ কার্যক্রমের আওতায় ১০ আগষ্ট ২০১৭ খ্রি. বৃহষ্পতিবার, সকালে নগরীর ৪ নং চান্দগাঁও ওয়ার্ডে আমজাদ আলী মাষ্টার, গোলাম আলী নাজির ও আবদুল লতিফ সড়কের উন্নয়ন কাজের শুভ উদ্বোধন করেন ৪ নং চান্দগাঁও ওয়ার্ড কাউন্সিলর মো. সাইফুদ্দিন খালেদ সাইফু। সড়ক উন্নয়ন কাজের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক। এসময় স্থানীয় রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা